# গ্রাহকদের দুর্ভোগ বাড়িয়াই চলিয়াছে ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ

অনিয়মিত বিদ্যুৎ সরবরাহের প্রতিবাদে চট্টগ্রাম ও পটুয়াখালীতে ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ প্রদর্শনের খবর পাওয়া গিয়াছে। অপরদিকে বিভিন্ন এলাকায় বিদ্যুৎ সরবরাহে অনিয়ম চরম আকার ধারণ করায় বিদ্যুৎ গ্রাহকদের দুর্ভোগ ও ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হওয়া ছাড়াও কলকারখানায় উৎপাদন দারুণভাবে বিঘ্নিত হইতেছে।

দোহাজারী (চট্টগ্রাম) হইতে আমাদের সংবাদদাতা জানান, গত ২রা ফেব্রুয়ারী চট্টগ্রাম সিটি কলেজের নৈশ বিভাগের ছাত্র-ছাত্রীরা তাহাদের ক্লাস চলাকালীন সময়ে ঘন ঘন বিদ্যুৎ বিভ্রাটের প্রতিবাদে একটি প্রতিবাদ মিছিল বাহির করিয়া শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে তাহারা সংশ্লিষ্ট বিদ্যুৎ অফিসে গিয়া একটি স্মারকলিপি প্রদান করে।

পটুয়াখালী হইতে ইত্তেফাক সংবাদদাতা জানান, স্থানীয় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ছাত্ররা তাহাদের প্রশিক্ষণ কেন্দ্রে অনিয়মিত বিদ্যুৎ সরবরাহের প্রতিবাদে গত ১২ই ফেব্রুয়ারী এক বিক্ষোভ মিছিল বাহির করিয়া শহরের প্রধান প্রধান রাস্তা প্রদক্ষিণ এবং বিদ্যুৎ বিভাগের কার্যালয় ঘেরাও করে। ইতিপূর্বে গত ৯ই ফেব্রুয়ারী পটুয়াখালী সরকারী কলেজ ছাত্রাবাসের ছাত্ররা ছাত্রাবাসে নিয়মিত বিদ্যুৎ সরবরাহের দাবীতে শহরে এক বিক্ষোভ মিছিল বাহির এবং বিদ্যুৎ বিভাগের প্রকৌশলীর বাড়ীর সম্মুখে বিক্ষোভ প্রদর্শন করে। বিক্ষোভকারীরা মহকুমা প্রশাসকের নিকট বিদ্যুৎ সরবরাহে অব্যবস্থার প্রতিকার দাবী করে। উল্লেখ্য বিদ্যুতের মূল্যবৃদ্ধি, অনিয়মিত বিদ্যুৎ সরবরাহ এবং বিদ্যুৎ বিভাগের এক শ্রেণীর কর্মচারীর দুর্নীতির প্রতিবাদে গত ডিসেম্বর মাসে পটুয়াখালী শহরে সর্বাত্মক হরতাল পালন ও বিক্ষোভ প্রদর্শন করা হয়। উহার পর হইতে শহরে বিদ্যুৎ সরবরাহে অনিয়ম আরও চরম আকার ধারণ করিয়াছে। অনিয়মিত বিদ্যুৎ সরবরাহের দরুন বিদ্যুৎ গ্রাহকদের দুর্ভোগ ছাড়াও কল-কারখানায় উৎপাদন ব্যাহত হইতেছে।

আমাদের পাবনার সংবাদদাতা জানান, বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা কিছুদিন অপেক্ষাকৃত ভাল থাকার পর পাবনা ও ঈশ্বরদীসহ সদর মহকুমার বিভিন্ন এলাকায় বিদ্যুৎ সরবরাহে পুনরায় চরম

( ৩য় পৃঃ দ্রঃ )

## ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ

( ৩য় পৃঃ পর )

অনিয়ম শুরু হইয়াছে। স্থানীয় বিদ্যুৎ অফিসে যোগাযোগ করিয়া জানা যায়, অতি পুরাতন বৈদ্যুতিক তার ও যন্ত্রাংশের কারণেই স্বাভাবিক বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত হইতেছে।

নবাবগঞ্জ (ঢাকা) হইতে জনৈক সংবাদদাতা জানান, নবাবগঞ্জ থানায় বিদ্যুৎ বিভ্রাট চরম আকার ধারণ করিয়াছে। কোন কোন দিন ১২/১৪ বার পর্যন্ত বিদ্যুৎ চলিয়া যায়। কোন কোন দিন আদৌ বিদ্যুৎ থাকে না। অপরদিকে বিদ্যুৎ সংযোগের অভাবে দোহার ও কেরাণীগঞ্জ থানা স্বাস্থ্য কমপ্লেক্সের কাজকর্ম ব্যাহত হইতেছে।

রূপগঞ্জ (ঢাকা) হইতে ইত্তেফাক সংবাদদাতা জানান, সিদ্ধিরগঞ্জ-নরসিংদী ৩৩কেভি লাইনে বিদ্যুৎ সরবরাহে অনিয়ম নিত্যকার ঘটনায় পরিণত হইয়াছে। প্রায় প্রতি রাত্রেই ৫/৬ বার বিদ্যুৎ চলিয়া যাওয়া নিয়মিত ঘটনায় পরিণত হইয়াছে।

কুমিল্লার চৌদ্দগ্রাম হইতে আমাদের সংবাদদাতা জানান, চৌদ্দগ্রাম বাজারে বিদ্যুৎ বিভ্রাট প্রাত্যহিক ঘটনায় পরিণত হইয়াছে। ফলে জনসাধারণ ও দোকানদাররা অসুবিধার সম্মুখীন হইতেছে।

রাঙ্গামাটি (পার্বত্য চট্টগ্রাম) হইতে ইত্তেফাক সংবাদদাতা জানান, রাঙ্গামাটি শহরে বিদ্যুৎ সরবরাহে অনিয়ম চরম আকার ধারণ করিয়াছে। শহরের অধিকাংশ লাইটপোষ্টের বাল্‌ব নষ্ট হইয়া গিয়াছে। ত্রুটিপূর্ণ কাজের ফলেই বিদ্যুৎ সরবরাহে অব্যবস্থা দেখা দিয়াছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে।